



## প্রেস বিজ্ঞপ্তি

### বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনামূলক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ জানুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের আয়োজনে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৮ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৫ টায় হল মিলনায়তনে সেমিনারটি অনুষ্ঠিত হয়। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) ড. হেনা রানী বিশ্বাসের সভাপতিত্বে সেমিনারে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. রেবেকা সুলতানা। সেমিনারে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের দেড়শতাধিক শিক্ষার্থীসহ আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়